রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২৫, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ/২৫ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নং- ৩৪৫-আইন/২০১৮** ।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "গার্মেন্টস" শিল্প সেক্টরের, অত:পর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল ''ক'' ও ''খ'' তে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, উক্ত সেক্টরের সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

**তফসিল ''ক''**

**মাসিক মজুরীর হার**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। | **গ্রেড-১ :**<br>১। প্যাটার্ন মাস্টার<br>২। চিফ কোয়ালিটি কন্ট্রোলার<br>৩। চিফ কাটিং মাস্টার/কাটিং চিফ<br>৪। চিফ মেকানিক | ১০৪৪০/- | ৫২২০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৭৫১০/- |



মূল্য : টাকা ১২.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২ :**<br>১। মেকানিক/ইলেকট্রিশিয়ান<br>২। কাটিং মাস্টার | ৮৫২০/- | ৪২৬০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৪৬৩০/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। সিনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সিনিয়র কাটার<br>৩। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইংম্যান<br>৫। সিনিয়র স্ক্রিন এক্সপোজার<br>৬। সিনিয়র আয়রণম্যান<br>৭। সিনিয়র স্যাম্পলম্যান/ স্যাম্পল মেশিনিস্ট<br>৮। জুনিয়র মেকানিক<br>৯। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>১০। সিনিয়র লাইন লিডার | ৫১৬০/- | ২৫৮০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯৫৯০/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। কাটারম্যান/নিডলম্যান/ সিজারম্যান<br>৩। কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। মার্কার/ড্রইংম্যান<br>৫। ইস্যুম্যান/ইনপুটম্যান | ৪৯৩০/- | ২৪৬৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯২৪৫/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬। বান্ডলিংম্যান/নাম্বারিংম্যান<br>৭। অটো স্প্রেডার/লে-ম্যান<br>৮। পলিম্যান/প্যাকিংম্যান/ ফোল্ডিংম্যান<br>৯। ট্যাগম্যান/স্পটম্যান/ রিসিভম্যান<br>১০। প্রিন্টার/পেইন্টার/ ড্রায়ারম্যান<br>১১। স্ক্রিন এক্সপোজার<br>১২। আয়রণম্যান/প্রেসিংম্যান<br>১৩। ওয়েল্ডার/ফিটার/প্লাম্বার<br>১৪। স্যাম্পলম্যান<br>১৫। ডিস্ট্রিবিউটর<br>১৬। সাধারণ মেকানিক<br>১৭। সাধারণ ইলেকট্রিশিয়ান<br>১৮। লাইন লিডার | | | | | | |
| **৫।** | **গ্রেড-৫ :**<br>**১।** জুনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জুনিয়র কাটারম্যান/ জুনিয়র নিডলম্যান/জুনিয়র সিজারম্যান<br>৩। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। জুনিয়র মার্কার/জুনিয়র ড্রইংম্যান<br>৫। জুনিয়র ইস্যুম্যান/জুনিয়র ইনপুটম্যান | ৪৬৭০/- | ২৩৩৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৮৫৫/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬। জুনিয়র বান্ডলিংম্যান/ জুনিয়র নাম্বারিংম্যান<br>৭। জুনিয়র অটো স্প্রেডার/ জুনিয়র লে-ম্যান<br>৮। জুনিয়র পলিম্যান/জুনিয়র প্যাকিংম্যান/জুনিয়র ফোল্ডিংম্যান<br>৯। জুনিয়র ট্যাগমান/জুনিয়র স্পটম্যান/জুনিয়র রিসিভম্যান<br>১০। জুনিয়র প্রিন্টার/জুনিয়র পেইন্টার/জুনিয়র ড্রায়ারম্যান<br>১১। জুনিয়র স্ক্রিন এক্সপোজার<br>১২। জুনিয়র আয়রণম্যান/ জুনিয়র প্রেসিংম্যান<br>১৩। জুনিয়র ওয়েল্ডার/জুনিয়র ফিটার/জুনিয়র প্লাম্বার<br>১৪। জুনিয়র স্যাম্পলম্যান<br>১৫। জুনিয়র ডিস্ট্রিবিউটর<br>১৬। সহকারী মেকানিক<br>১৭। সহকারী ইলেকট্রিশিয়ান | | | | | | |
| ৬। | **গ্রেড-৬ :**<br>১। সাধারণ অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সাধারণ কাটারম্যান/সাধারণ নিডলম্যান/সাধারণ সিজারম্যান<br>৩। সাধারণ কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। সাধারণ মার্কার/সাধারণ ড্রইংম্যান | ৪৩৭০/- | ২১৮৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৪০৫/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| | ৫। সাধারণ ইস্যুম্যান/সাধারণ ইনপুটম্যান<br>৬। সাধারণ বান্ডলিংম্যান/ সাধারণ নাম্বারিংম্যান<br>৭। সাধারণ অটো স্প্রেডার/ সাধারণ লে-ম্যান<br>৮। সাধারণ পলি ম্যান/সাধারণ প্যাকিংম্যান/সাধারণ ফোল্ডিংম্যান<br>৯। সাধারণ ট্যাগম্যান/সাধারণ স্পটম্যান/সাধারণ রিসিভম্যান<br>১০। সাধারণ প্রিন্টার/সাধারণ পেইন্টার/সাধারণ ড্রায়ারম্যান<br>১১। সাধারণ স্ক্রিন এক্সপোজার<br>১২। সাধারণ আয়রণম্যান/সাধারণ প্রেসিংম্যান<br>১৩। সাধারণ ওয়েল্ডার/সাধারণ ফিটার/সাধারণ প্লাম্বার<br>১৪। সাধারণ স্যাম্পলম্যান<br>১৫। সাধারণ ডিস্ট্রিবিউটর | | | | | | |
| ৭। | **গ্রেড-৭:**<br>১। সহকারী অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সহকারী কাটারম্যান/ সহকারী নিডলম্যান/সহকারী সিজারম্যান<br>৩। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। সহকারী মার্কার/সহকারী ড্রইংম্যান<br>৫। সহকারী ইস্যুম্যান/সহকারী ইনপুটম্যান | ৪১০০/- | ২০৫০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮০০০/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬। সহকারী বান্ডলিংম্যান/ সহকারী নাম্বারিংম্যান<br>৭। সহকারী অটো স্প্রেডার/ সহকারী লে-ম্যান<br>৮। সহকারী পলিম্যান/সহকারী প্যাকিংম্যান/সহকারী ফোল্ডিংম্যান<br>৯। সহকারী ট্যাগম্যান/সহকারী স্পটম্যান/সহকারী রিসিভম্যান<br>১০। সহকারী প্রিন্টার/ সহকারী পেইন্টার/সহকারী ড্রায়ারম্যান<br>১১। সহকারী স্ক্রিন এক্সপোজার<br>১২। সহকারী ওয়েল্ডার/সহকারী ফিটার/সহকারী প্লাম্বার<br>১৩। সহকারী স্যাম্পলম্যান<br>১৪। সহকারী ডিষ্ট্রিবিউটর<br>১৫। ফিনিশিং সহকারী<br>১৬। সুতা ঝাড়া সহকারী<br>১৭। লাইন আয়রণম্যান | | | | | | |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ একজন শ্রমিকের কাজে সন্তুষ্ট না হইলে তাহার শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করিতে পারিবে;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,৯৭৫/- ( পাঁচ হাজার নয়শত পঁচাত্তর) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল ‘‘খ’’

## মাসিক মজুরীর হার

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। স্টোর কিপার<br>২। উচ্চমান সহকারী<br>৩। সিনিয়র ফায়ারম্যান | ৮১৫০/- | ৪০৭৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৪০৭৫/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। হিসাব সহকারী<br>২। স্টোর সহকারী<br>৩। ক্যাশিয়ার<br>৪। নার্স/মেডিক্যাল সহকারী<br>৫। কম্পিউটার অপারেটর<br>৬। ড্রাইভার (হেভি লাইসেন্স প্রাপ্ত)<br>৭। ইমপোর্ট সহকারী/ এক্সপোর্ট সহকারী<br>৮। ফায়ারম্যান<br>৯। সিনিয়র বয়লার অপারেটর<br>১০। সিনিয়র ইটিপি অপারেটর<br>১১। সিনিয়র ডব্লিউটিপি অপারেটর<br>১২। সিনিয়র জেনারেটর অপারেটর<br>১৩। সিনিয়র লিফট অপারেটর<br>১৪। সিনিয়র এসি অপারেটর | ৬৩০০/- | ৩১৫০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১১৩০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। ক্লার্ক/অফিস সহকারী/ ক্যাশ সহকারী<br>২। টেলিফোন অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর/ জুনিয়র কম্পিউটার অপারেটর<br>৩। টাইম কিপার<br>৪। কেয়ার টেকার<br>৫। সিকিউরিটি গার্ড<br>৬। ড্রাইভার (লাইট ও মিডিয়াম লাইসেন্স প্রাপ্ত)<br>৭। বেবি সিটার/শিশু পরিচর্যাকারী<br>৮। ফটোকপি মেশিন অপারেটর<br>৯। বয়লার অপারেটর/ পাম্প অপারেটর<br>১০। ইটিপি অপারেটর<br>১১। ডব্লিউটিপি অপারেটর<br>১২। জেনারেটর অপারেটর/ কমপ্রেসার অপারেটর<br>১৩। লিফট অপারেটর<br>১৪। এসি অপারেটর<br>১৫। প্রোডাকশন রিপোর্টার | ৫৯৫০/- | ২৯৭৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১০৭৭৫/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। পিয়ন<br>২। কুক<br>৩। দারোয়ান/চেকার/ লোডার<br>৪। সুইপার/ক্লিনার<br>৫। গার্ডেনার/টিবয়/ ক্যান্টিনবয় | ৪৩৫০/- | ২১৭৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৩৭৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬। আয়া/বুয়া<br>৭। ড্রাইভার সহকারী<br>৮। জুনিয়র সিকিউরিটি গার্ড<br>৯। সহকারী বয়লার অপারেটর/সহকারী পাম্প অপারেটর<br>১০। সহকারী ইটিপি অপারেটর<br>১১। সহকারী ডব্লিউটিপি অপারেটর<br>১২। সহকারী জেনারেটর অপারেটর/সহকারী কমপ্রেসার অপারেটর<br>১৩। সহকারী লিফট অপারেটর<br>১৪। সহকারী এসি অপারেটর<br>১৫। সহকারী প্রোডাকশন রিপোর্টার | | | | | | |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬,১৬৪/- ( ছয় হাজার একশত চৌষট্টি) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**শর্তাবলী :**

(১) তফসিল 'ক' ও 'খ' এ উল্লিখিত এই নিম্নতম মজুরীর হার সমগ্র বাংলাদেশের ''গার্মেন্টস'' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

(২) তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করিতে হইবে;

(৩) তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে;

(৪) কোনো শ্রমিকের বর্তমানে প্রাপ্ত মজুরীর সহিত এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী যোগ করিয়া নূতনভাবে মজুরী নির্ধারণ করিতে হইবে;

(৫) কোনো শ্রমিককে তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী বা গ্রেড অপেক্ষা কম মজুরী বা গ্রেড প্রদান করা যাইবে না;

(৬) এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস ও শ্রেণি বিভাগ অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া তাহার প্রাপ্য মজুরী রেজিস্টারভুক্তকরত: মজুরী স্লিপ প্রদান করিবেন;

(৭) উক্ত সেক্টরের কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদান করা হইলে উহা কোনক্রমেই হ্রাস করা যাইবে না;

(৮) উক্ত সেক্টরের শ্রমিকগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরী নির্ধারণ ও প্রদান করা যাইবে;

(৯) কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' হিসাবে গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরের কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরী প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

(১০) উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

(১১) উক্ত সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরণ ভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরী প্রদান করিতে হইবে;

(১২) নির্ধারিত নিম্নতম মজুরী ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা হইলে উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

(১৩) উক্ত সেক্টরের শ্রমিকগণ প্রতি বৎসর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ ভাগ হারে) বার্ষিক মজুরী বৃদ্ধির সুবিধা পাইবেন এবং সংশ্লিষ্ট মালিক উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(১৪) উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

(১৫) উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিকের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না;

(১৬) শ্রমিকগণের কর্মঘণ্টা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশে শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী নির্ধারিত হইবে; এবং

(১৭) উপরোক্ত শর্তাবলীর কোনো অংশ প্রচলিত কোনো আইন বা বিধিমালার সহিত সাংঘর্ষিক হইলে, উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৭ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০১ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**হামিদা চৌধুরী**
যুগ্মসচিব

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ/২৪ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নম্বর-২৩-আইন/ ২০১৯।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১), ধারা ১৩৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১১ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৫ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-৩৪৫-আইন/২০১৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিল ''ক'' এর পরিবর্তে নিম্নরূপ তফসিল ''ক" প্রতিস্থাপিত হইবে, যথা:—

**''তফসিল "ক"**

**মাসিক মজুরীর হার**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১:<br><br>১। প্যাটার্ন মাস্টার<br>২। চীফ কোয়ালিটি কন্ট্রোলার<br>৩। চীফ কাটিং মাস্টার/ কাটিং চীফ<br>৪। চীফ মেকানিক | ১০,৯৩৮/- | ৫,৪৬৯/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৮,২৫৭/- |



মূল্য : টাকা ৮.০০

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২। | **<u>গ্রেড-২ :</u>**<br>১। মেকানিক/ ইলেকট্রিশিয়ান<br>২। কাটিং মাস্টার | ৯,০৪৪/- | ৪,৫২২/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৫,৪১৬/- |
| ৩। | **<u>গ্রেড-৩ :</u>**<br>১। সিনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সিনিয়র কাটার<br>৩। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইংম্যান<br>৫। সিনিয়র স্ক্রিন এক্সপোজার<br>৬। সিনিয়র আয়রণম্যান<br>৭। সিনিয়র স্যাম্পলম্যান/ স্যাম্পল মেশিনিস্ট<br>৮। জুনিয়র মেকানিক<br>৯। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>১০। সিনিয়র লাইন লিডার | ৫,৩৩০/- | ২,৬৬৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯,৮৪৫/- |
| ৪। | **<u>গ্রেড-৪ :</u>**<br>১। অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২।কাটারম্যান/নিডলম্যান/<br>সিজারম্যান<br>৩। কোয়ালিটি ইন্সপেক্টর | ৪,৯৯৮/- | ২,৪৯৯/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯,৩৪৭/- |

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | ৪। মার্কার/ ড্রইংম্যান<br>৫। ইস্যুম্যান/ইনপুটম্যান<br>৬।বান্ডলিংম্যান/নাম্বারিংম্যান<br>৭। অটো স্প্রেডার/লে-ম্যান<br>৮। পলিম্যান/প্যাকিংম্যান/ ফোল্ডিংম্যান<br>৯। ট্যাগম্যান/স্পটম্যান/ রিসিভম্যান<br>১০। প্রিন্টার/পেইন্টার/ ড্রায়ারম্যান<br>১১। স্ক্রিন এক্সপোজার<br>১২। আয়রণম্যান/প্রেসিংম্যান<br>১৩। ওয়েল্ডার/ফিটার/প্লাম্বার<br>১৪। স্যাম্পলম্যান<br>১৫। ডিস্ট্রিবিউটর<br>১৬। সাধারণ মেকানিক<br>১৭। সাধারণ ইলেকট্রিশিয়ান<br>১৮। লাইন লিডার | | | | | | |
| ৫। | <u>গ্রেড-৫ :</u><br>১। জুনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জুনিয়র কাটারম্যান/জুনিয়র নিডলম্যান/জুনিয়র সিজারম্যান<br>৩। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর | ৪,৬৮৩/- | ২,৩৪২/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮,৮৭৫/- |

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | ৪। জুনিয়র মার্কার/জুনিয়র ড্রইংম্যান<br>৫। জুনিয়র ইস্যুম্যান/জুনিয়র ইনপুটম্যান<br>৬। জুনিয়র বান্ডলিংম্যান/ জুনিয়র নাম্বারিংম্যান<br>৭। জুনিয়র অটো স্প্রেডার/জুনিয়র লে-ম্যান<br>৮। জুনিয়র পলিম্যান/জুনিয়র প্যাকিংম্যান/জুনিয়র ফোল্ডিংম্যান<br>৯। জুনিয়র ট্যাগমান/জুনিয়র স্পটম্যান/জুনিয়র রিসিভম্যান<br>১০। জুনিয়র প্রিন্টার/জুনিয়র পেইন্টার/জুনিয়র ড্রায়ারম্যান<br>১১। জুনিয়র স্ক্রিন এক্সপোজার<br>১২। জুনিয়র আয়রনম্যান/ জুনিয়র প্রেসিংম্যান<br>১৩। জুনিয়র ওয়েল্ডার/ জুনিয়র ফিটার/জুনিয়র প্লাম্বার<br>১৪। জুনিয়র স্যাম্পলম্যান<br>১৫। জুনিয়র ডিস্ট্রিবিউটর<br>১৬। সহকারী মেকানিক<br>১৭। সহকারী ইলেকট্রিশিয়ান | | | | | | |

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৬। | **গ্রেড-৬ :**<br>১। সাধারণ অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সাধারণ কাটারম্যান/ সাধারণ নিডলম্যান/সাধারণ সিজারম্যান<br>৩। সাধারণ কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। সাধারণ মার্কার/ সাধারণ ড্রইং ম্যান<br>৫। সাধারণ ইস্যুম্যান / সাধারণ ইনপুটম্যান<br>৬। সাধারণ বান্ডলিং ম্যান/ সাধারণ নাম্বারিং ম্যান<br>৭। সাধারণ অটো স্প্রেডার/ সাধারণ লে-ম্যান<br>৮। সাধারণ পলি ম্যান/ সাধারণ প্যাকিং ম্যান/ সাধারণ ফোল্ডিং ম্যান<br>৯। সাধারণ ট্যাগম্যান/ সাধারণ স্পটম্যান/ সাধারণ রিসিভম্যান<br>১০। সাধারণ প্রিন্টার/ সাধারণ পেইন্টার/ সাধারণ ড্রায়ারম্যান<br>১১। সাধারণ স্ক্রিন এক্সপোজার<br>১২। সাধারণ আয়রণম্যান/সাধারণ প্রেসিংম্যান<br>১৩। সাধারণ ওয়েল্ডার/ সাধারণ ফিটার/ সাধারণ প্লাম্বার<br>১৪। সাধারণ স্যাম্পলম্যান<br>১৫। সাধারণ ডিস্ট্রিবিউটর | ৪,৩৮০/- | ২,১৯০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮,৪২০/- |

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৭। | <u>গ্রেড-৭:</u><br>১। সহকারী অপারেটর<br>(সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সহকারী কাটারম্যান/ সহকারী নিডলম্যান/সহকারী সিজারম্যান<br>৩। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর<br>৪। সহকারী মার্কার/ সহকারী ড্রইং ম্যান<br>৫। সহকারী ইস্যুম্যান/ সহকারী ইনপুটম্যান<br>৬। সহকারী বান্ডলিং ম্যান/ সহকারী নাম্বারিং ম্যান<br>৭। সহকারী অটো স্প্রেডার/ সহকারী লে-ম্যান<br>৮। সহকারী পলি ম্যান/ সহকারী প্যাকিং ম্যান/ সহকারী ফোল্ডিং ম্যান<br>৯। সহকারী ট্যাগম্যান/ সহকারী স্পটম্যান/ সহকারী রিসিভম্যান<br>১০। সহকারী প্রিন্টার/ সহকারী পেইন্টার/ সহকারী ড্রায়ারম্যান<br>১১। সহকারী স্ক্রিন এক্সপোজার<br>১২। সহকারী ওয়েল্ডার/ সহকারী ফিটার/ সহকারী প্লাম্বার<br>১৩। সহকারী স্যাম্পলম্যান<br>১৪। সহকারী ডিস্ট্রিবিউটর<br>১৫। ফিনিশিং সহকারী<br>১৬। সুতা ঝাড়া সহকারী<br>১৭। লাইন আয়রণম্যান | ৪১০০/- | ২০৫০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮০০০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে:**

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ একজন শ্রমিকের কাজে সন্তুষ্ট না হইলে তাহার শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করিতে পারিবে;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মূল মজুরী ২,৭৫০ (দুই হাজার সাতশত পঞ্চাশ), বাড়ি ভাড়া ভাতা মূল মজুরীর ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) হারে ১,৩৭৫ (এক হাজার তিনশত পঁচাত্তর), চিকিৎসা ভাতা ৬০০ (ছয়শত), যাতায়াত ভাতা ৩৫০ (তিনশত পঞ্চাশ) এবং খাদ্য ভাতা ৯০০ (নয়শত) টাকা বাবদ মাসিক সর্বসাকুল্যে ৫,৯৭৫ (পাঁচ হাজার নয়শত পঁচাত্তর) টাকা মজুরী প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। ”।

২। ইহা ১৭ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০১ ডিসেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**হামিদা চৌধুরী**
যুগ্মসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd